গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
পরিকল্পনা শাখা-১

**বিষয়ঃ "চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)"-শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১৩তম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | গোলাম মোঃ হাসিবুল আলম<br>সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১৮ জুলাই ২০২১ খ্রিঃ, রবিবার |
| সময় | : | বিকাল ৩:০০ ঘটিকা |
| সভার স্থান | : | অনলাইন জুম প্লাটফর্ম |
| উপস্থিতি তালিকা | : | অনলাইন জুম প্লাটফর্মে অনুষ্ঠিত। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (পরিকল্পনা) আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে নিম্নের বিষয়গুলো উপস্থাপন করেন।

**২. আলোচনাঃ**

**২.১ গত ২০২০-২১ অর্থ বছরে অনুষ্ঠিত পিএসসি ও পিআইসি সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়ন:**

প্রকল্প পরিচালক গত ২০২০-২১ অর্থবছরে অনুষ্ঠিত পিএসসি/পিআইসি সভাসমূহের সিদ্ধান্ত এবং বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন। তিনি জানান যে, এ প্রকল্পের গত অর্থ বছরে (২০২০-২১) প্রকল্পের জন্য সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (RADP) ১৩৪৬ কোটি ০৬ লক্ষ টাকার সংস্থান ছিল। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (RADP) থেকে প্রাপ্ত ১০৯০ কোটি ৩০ লক্ষ ৮৬ হাজার টাকা ছাড় করা হয়েছিল। ছাড়কৃত ব্যয়যোগ্য অর্থ থেকে ব্যয় হয়েছে ১০৮৬ কোটি ৮৫ লক্ষ ০১ হাজার টাকা। এ অর্থ বছরে আর্থিক অগ্রগতি ৯৯.৬৯% এবং বাস্তব অগ্রগতি ১০০%। জুন ২০২১ পর্যন্ত এলজিইডি ১৮০২২ টি শ্রেণিকক্ষের নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করেছে। ডিপিএইচই ৩০৪৪ টি ওয়াশব্লকের কাজ শতভাগ সম্পন্ন করেছে এবং ১৭৬০ টি টিউবওয়েলের কাজ সম্পন্ন করেছে ।

সভায় চলমান প্রকল্পসমূহের আওতায় এলজিইডি এবং ডিপিএইচই কর্তৃক অতিরিক্ত শ্রেণীকক্ষ এবং ওয়াশব্লক ও অন্যান্য অবকাঠামো নির্মাণের লক্ষ্যমাত্রা অনুযায়ী হালনাগাদ অগ্রগতি পর্যালোচনা করা হয়। এলজিইডি প্রতিনিধি জানান, চলমান পিইডিপি-৪ এবং চাহিদাভিত্তিক অবকাঠামো নির্মাণ প্রকল্প দু'টির অনুমোদিত ডিপিপি অনুযায়ী মোট ১৯৫,০০০ টি অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণের লক্ষ্যমাত্রা রয়েছে। তন্মধ্যে এনএনজিপিএস প্রকল্পে ২৫,০০০ শ্রেণীকক্ষের মধ্যে ৬৪%, জিপিএস প্রকল্পের ৪০,০০০ এর মধ্যে ৫৮% এবং পিইডিপি-৪ এর ৪০,০০০ শ্রেণীকক্ষের মধ্যে ৫% শ্রেণীকক্ষ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, পিইডিপি-৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অবকাঠামো নির্মাণে অগ্রগতি সন্তোষজনক নয়। অবকাঠামো উন্নয়নে অগ্রগতি কম হওয়ায় উন্নয়ন সহযোগীরা এ খাতে প্রকল্প সাহায্য সদ্ব্যবহারে আশংকা প্রকাশ করেছেন। তিনি আরও বলেন, উন্নয়ন সহযোগীদের সাথে চুক্তি অনুযায়ী প্রকল্প সাহায্য ব্যবহার করতে না পারলেও কমিটমেন্ট চার্জ দিতে হয়। ফলে, পিইডিপি-৪ এর লক্ষ্যমাত্রার বিপরীতে অবকাঠামো নির্মাণ কাজে ধীর গতির কারণে আমরা দু'ভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছি।

সভায় ডিপিএইচই কর্তৃক ওয়াশ ব্লক এবং ওয়াটার সোর্স নির্মাণের অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, এ দুটি খাতে পিইডিপি-৪ এর অগ্রগতি অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণের তুলনায় বেশী হলেও লক্ষ্যমাত্রার তুলনায় অনেক কম।

সভায় তিনটি প্রকল্পের অবকাঠামো নির্মাণ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে পিইডিপি-৪ এর লক্ষ্যমাত্রা অর্জনে এ প্রকল্পের কাজ অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়। অগ্রাধিকার ভিত্তিতে পিইডিপি-৪ এর অবকাঠামো নির্মাণ কাজের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করে বর্ণিত প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনে এলজিইডি, ডিপিএইচই এবং ডিপিই প্রয়োজনীয় পদক্ষেপ ও কর্মপরিকল্পনা গ্রহণ করবে। এছাড়া, তিনটি প্রকল্পের আওতায় অবকাঠামো নির্মাণ হালনাগাদ অগ্রগতি ও বিদ্যমান সমস্যা চিহ্নিত করে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের অবগতির জন্য একটি প্রতিবেদন আগামী এডিপি পর্যালোচনা সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়।

১২তম পিএসসি সভায় সিদ্ধান্ত অনুযায়ী ডিপিএইচই'র ওয়াশব্লকের দর সংশোধনের জন্য গঠিত কমিটির প্রতিবেদন না পাওয়ায় এ বিষয়ে বিস্তারিত কোন আলোচনা হয়নি। সভায় কমিটির সভাপতি অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জানান, ২৬জুলাই ২০২১ খ্রিঃ তারিখে কমিটির একটি সভা আহবান করা হয়েছে।

**২.২ প্রকল্পের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তিকরণেগৃহীত ব্যবস্থা:**

প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির ২০১৯-২০ অর্থবছরের অডিট ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। যার নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন ইতোমধ্যে পাওয়া গিয়েছে যা এলজিইডি ও ডিপিএইচই কে অবহিত করা হয়েছে। দু'টো প্রতিষ্ঠানের ব্রডশীট জবাব প্রাপ্তির পর পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হবে।

**২.৩ প্রকল্পের ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক ক্রয় পরিকল্পনা:**

প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে ২০২১-২২ অর্থ বছরের এডিপি বরাদ্দের ভিত্তিতে প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে তা ক্রয়কারী কার্যালয়ের প্রধান (হোপ)-এর অনুমোদন নেয়া হয়েছে। সভায় পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮অনুসারে হোপ কর্তৃক অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুসারে ক্রয় কাজ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়।

**২.৪ প্রকল্পের ২০২১-২২ অর্থ বছরে কর্মপরিকল্পনা:**

প্রকল্প পরিচালক ২০২১-২২ অর্থ বছরে প্রকল্পের মাসভিত্তিক কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। সভায় কর্মপরিকল্পনা অনুসারে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়।

**২.৫ বিবিধ:**

সভাপতি প্রকল্পের অধীনে জেলা পর্যায়ের কর্মমর্তাগণ ইজিপির মাধ্যমে আসবাবপত্র ক্রয়ের বিষয়ে জানতে চান এবং এ বিষয়ে ডিডি, ডিপিইও ও এডিপিওদের সমন্বয়ে জুলাই ২০২১ মাসে ডিজি, ডিপিই-র সভাপতিত্বে একটি সভা আহ্বানের জন্য যৌথভাবে জিপিএস এবং এনএনজিপিএস প্রকল্পের প্রকল্প পরিচালকগণকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

**৩. সিদ্ধান্ত :**

৩.১ চলমান তিনটি প্রকল্পের লক্ষ্যমাত্রার বিপরীতে অতিরিক্ত শ্রেণীকক্ষ, ওয়াশব্লক ও অন্যান্য নির্মাণ কাজের হালনাগাদ অগ্রগতি ও সমস্যা সম্পর্কে মাননীয় প্রতিমন্ত্রীকে অবহিত করার জন্য একটি প্রতিবেদন আগামী এডিপি পর্যালোচনা সভায় উপস্থাপন করতে হবে;

৩.২ অগ্রাধিকার ভিত্তিতে পিইডিপি-৪ এর অবকাঠামো নির্মাণ কাজের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করে বর্ণিত প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনে এলজিইডি, ডিপিএইচই এবং ডিপিই প্রয়োজনীয় পদক্ষেপ ও কর্মপরিকল্পনা গ্রহণ করবে;

৩.৩ প্রকল্প পরিচালক দ্রুত অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তিকরণের উদ্যোগ গ্রহণ করবেন;

৩.৪ প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা এবং হোপ কর্তৃক অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুসারে প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন করতে হবে; এবং

৩.৫ জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ কর্তৃক ইজিপির মাধ্যমে আসবাবপত্র ক্রয় বিষয়ে ডিডি, ডিপিইও ও এডিপিওদের সমন্বয়ে জুলাই ২০২১ মাসে ডিজি, ডিপিই-র সভাপতিত্বে একটি সভা আহ্বানের জন্য যৌথভাবে জিপিএস এবং এনএনজিপিএস প্রকল্পের প্রকল্প পরিচালকগণ ব্যবস্থা গ্রহণ করবেন।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৯/০৮/২০২১
গোলাম মোঃ হাসিবুল আলম
সচিব

নং-৩৮.০০.০০০০.০১২.১৪.১০৫.১৭-**১৬১** তারিখঃ ০৯ আগষ্ট ২০২১ খ্রি:

**<u>বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):</u>**

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৩. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৫. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৬. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১৪ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা।
৮. যুগ্ম প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৯. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬
১০. প্রকল্প পরিচালক, চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬
১১. উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১২. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. যুগ্ম সচিব (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৯.০৮.২০২১
(আক্তারুন্নাহার)
উপসচিব
ফোন: ৯৫৭৭২৫৬
mopmeplan1@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)**
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬

নং-চাসপ্রাবিউ-১/প্রতি-০৪/১৬৩৭

তারিখঃ ৩০ শ্রাবণ ১৪২৮ / ১৪ জুলাই ২০২১

বিষয়ঃ ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনা (Annual Work Plan) এবং বাৎসরিক ক্রয়/সংগ্রহ পরিকল্পনা (Annual Procurement Plan) প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, 'চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)' শীর্ষক প্রকল্পের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এর আলোকে কর্মপরিকল্পনা (Annual Work Plan) এবং ক্রয়/সংগ্রহ পরিকল্পনা (Annual Procurement Plan) এতদ্সঙ্গে প্রেরণ করা হ'ল।

১৪/৭/২১

**আলমগীর মুহম্মদ মনসুরুল আলম**
মহাপরিচালক, গ্রেড-১
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণঃ
১। উপ-সচিব (উন্নয়ন-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।

I:\Lock Down\New Project NBIDGPS\Road Map\2021-22\Road Map-Frowarding.doc

# ANNUAL PROCUREMENT PLAN
# &
# PROCUREMENT IMPLEMENTATION REPORT
## Financial Year : 2021-2022

Ministry/Division: Ministry of Primary & Mass Education
Agency: Directorate of Primary Education (DPE)
Procuring Entity Name & Code: Local Government Engineering Department (LGED)
Project/Programme Name & Code: Need Based Infrastructure Development Government Primary School Project (1st Phase)

**Budget: Development**

| Package No | Description of Procurement Package Works | Unit | Quantity | Procurement Method Type | Contract Approving Authority | Source of Funds | Estd. Cost in Million | Time Code for Process | Advertise Prequel (If applicable) | Invite/ Advertise Tender | Tender Opening | Tender Evaluation | Approval to Award | Notification of Award | Signing Contract | Total time to Contract Signature | Time for Completion of Contract |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 |
| ***Component: WORKS*** | | | | | | | | | | | | | | | | | |
| W1.1254 to W1.6155 | Construction/Reconstruction of Additional class room (including ground raising, foundation strengthening, make shift arrangement, boundary wall with gate & Solar annel) of GPS (Normal Type) | No | 4902 Schools | OTM/LTM | Chief Engineer, LGED | GOB | 10,400.00 | Planned Dates | | Carried Over | | | | | | | |
| | | | | | | | | Actual Date | | | | | | | | | |
| W2.1 to W2.611 | Construction/Reconstruction of Additional class room (including ground raising, foundation strengthening, make shift arrangement, boundary wall with gate & Solar annel) of GPS (Tidal Surge/Flood Shelter/Haor Type) | No | 611 Schools | OTM/LTM | Chief Engineer, LGED | GOB | 3,427.80 | Planned Dates | | Carried Over | | | | | | | |
| | | | | | | | | Actual Date | | | | | | | | | |
| W3.1 to W3.200 | Construction/Reconstruction of Additional class room (including ground raising, foundation strengthening, make shift arrangement, boundary wall with gate & Solar annel) of GPS (Char/Hilly Type) | No | 200 Schools | OTM/LTM | Chief Engineer, LGED | GOB | 900.00 | Planned Dates | | Carried Over | | | | | | | |
| | | | | | | | | Actual Date | | | | | | | | | |
| W2.45 to W2.109 | Construction of Boundary wall with gate of GPS | No | 437 Schools | OTM/LTM | Chief Engineer, LGED | GOB | 655.50 | Planned Dates | | 01-07-2021 to 15-09-2021 | 01-09-2021 to 15-11-2021 | 15-10-2021 to 30-11-2021 | 28-10-2021 to 30-11-2021 | 15-11-2021 to 15-12-2021 | 30-11-2021 to 15-12-2021 | 90 days | 240 Days |
| | | | | | | | | Actual Date | | | | | | | | | |
| Total Value of Works Procurement | | | | | | | 15,383.30 | | | | | | | | | | |

14/07/2021
(মোঃ জামাল হোসেন)
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)

১৪/৭/২১
(মোহাম্মদ আলমগীর খন্দকার)
উপ-প্রকল্পপরিচালক (উপ-সচিব)

১৪/৭/২০২১
(মোঃ বদিয়ার রহমান)
যুগ্ম সচিব
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয়
উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)

আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক

## ANNUAL PROCUREMENT PLAN
## &
## PROCUREMENT IMPLEMENTATION REPORT
## Financial Year : 2021-2022

Ministry/Division: Ministry of Primary & Mass Education
Agency: Directorate of Primary Education (DPE)
Procuring Entity Name & Code: Department of Public Health Engineering
Project/Programme Name & Code: Need Based Infrastructure Development of Newly Nationalized Government Primary School Project (1st Phase)

**Budget: Development**

| Package No | Description of Procurement Package Works | Unit | Quantity | Procurement Method Type | Contract Approving Authority | Source of Funds | Estd. Cost in Million | Time Code for Process | Advertise Prequel (If applicable) | Invite/ Advertise Tender | Tender Opening | Tender Evaluation | Approval to Award | Notification of Award | Signing Contract | Total time to Contract Signature | Time for Completion of Contract |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 |
| ***Component: WORKS*** | | | | | | | | | | | | | | | | | |
| W6 WB. 395 to W6 WB. 743 | Construction of Wash Block (WB) | No | 1600 School (3200WB) | OTM/LTM | Chief Engineer, DPHE | GOB | 21,600.00 | Planned Dates | | 01-08-2021 to 30-08-2021 | 01-09-2021 to 15-09-2021 | 16-09-2021 to 15-10-2021 | 16-10-2021 to 15-11-2021 | 16-11-2021 to 30-11-2021 | 30-11-2021 to 15-12-2021 | 135 days | 230 Days |
| | | | | | | | | Actual Date | | | | | | | | | |
| W6 TW. 55 to W6 TW. 135 | Installation Of Water Sourse (TW) | No | 2000 TW | OTM/LTM | Chief Engineer, DPHE | GOB | 5,500.00 | Planned Dates | | 01-08-2021 to 30-08-2021 | 01-09-2021 to 15-09-2021 | 16-09-2021 to 15-10-2021 | 16-10-2021 to 15-11-2021 | 16-11-2021 to 30-11-2021 | 30-11-2021 to 15-12-2021 | 135 days | 230 Days |
| | | | | | | | | Actual Date | | | | | | | | | |
| Value of Goods Procur | | | | | | | 27,100.00 | | | | | | | | | | |

'National Open Tendering in Accordance with Public Procurement Rules, 2008 of Bangladesh

14/07/2021
(মোঃ জামাল হোসেন)
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)

(মোহাম্মদ আলমগীর খন্দকার)
উপ-প্রকল্পপরিচালক (উপ-সচিব)

(মোঃ বদিয়ার রহমান)
যুগ্ম সচিব
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয়
উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)

Zahir Shohel
Executive Engineer &
Focal Point, NBIDGPS-1
Department of Public Health Engineering

আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক

# TOTAL PROCUREMENT PLAN FOR DEVELOPMENT PROJECT/PROGRAMME FOR 2021-2022 (For PMO)

**Ministry/Division** Ministry of Primary & Mass Education
**Agency** Directorate of Primary Education (DPE)
**Procuring Entity Name & Code** Project Director
**Project/Programme Name & Code** Need Based Infrastructure Development Government Primary Schools Project (1st Phase)

Project Cost (In Lakh Taka)

| | |
|---|---|
| 912,384.98 | Total |
| 912,384.98 | GOB |
| 0.00 | PA |

Indicative Dates

| Package No. | Description of Procurement Package as per PP/TAPP GOODS | Unit | Quantity | Procurement Method & (Type) | Contract Approving Authority | Source of Funds | Estd. Cost (in Lakh Taka) | Time Code for Process | Advertise Prequel (if applicable) | Invite/ Advertise Tender | Tender Opening | Tender Evaluation | Approval to Award | Notification of Award | Signing of Contract | Total Time to Contract Signature | Time for Completion of Contract |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 |
| **GOODS: (For Schools)** | | | | | | | | | | | | | | | | | |
| G1.1 to G1.8000 | Furniture Supply to Constructed Additional Class Room | No | 10000 Classs | OTM | DG/ PD | GOB | 13,995.00 | Planned Dates | | Carried Over | | | | | | | |
| | | | | | | | | Actual Date | | | | | | | | | |
| **GOODS: (For PMO)** | | | | | | | | | | | | | | | | | |
| G2.2-8 | Furniture supply for PMO | No | LS | RFQ/DPM | PD | GOB | 10.00 | Planned Dates | | Aug, 21 | Aug, 21 | Sept,21 | Sept,21 | Sept,21 | Octo, 21 | Octo, 21 | Octo, 21 |
| | | | | | | | | Actual Date | | | | | | | | | |
| G3.1 | Purchase Vehicles accessories | No | LS | RFQ/DPM | PD | GOB | 4.00 | Planned Dates | | Aug, 21 | Aug, 21 | Sept,21 | Sept,21 | Sept,21 | Octo, 21 | Octo, 21 | Octo, 21 |
| | | | | | | | | Actual Date | | | | | | | | | |
| G3.2 | CNG Convertion of Vehicles | No | LS | RFQ/DPM | PD | GOB | 3.00 | Planned Dates | | Aug, 21 | Aug, 21 | Sept,21 | Sept,21 | Sept,21 | Octo, 21 | Octo, 21 | Octo, 21 |
| | | | | | | | | Actual Date | | | | | | | | | |
| G4.1 | 1 Heavy Duty Photo copier | No | 1 | RFQ | PD | GOB | 5.00 | Planned Dates | | Aug, 21 | Aug, 21 | Sept,21 | Sept,21 | Sept,21 | Octo, 21 | Octo, 21 | Octo, 21 |
| | | | | | | | | Actual Date | | | | | | | | | |
| G5.6, G5.7, G5.8 | 3 Desktop Computer with Printer & UPS | No | 3 | RFQ | PD | GOB | 3.00 | Planned Dates | | Aug, 21 | Aug, 21 | Sept,21 | Sept,21 | Sept,21 | Octo, 21 | Octo, 21 | Octo, 21 |
| | | | | | | | | Actual Date | | | | | | | | | |
| G6.1, G6.2, G6.3 | Air Conditioner | No | 3 | RFQ | PD | GOB | 4.50 | Planned Dates | | Aug, 21 | Aug, 21 | Sept,21 | Sept,21 | Sept,21 | Octo, 21 | Octo, 21 | Octo, 21 |
| | | | | | | | | Actual Date | | | | | | | | | |
| G6.5-G6.6 | FAX -2 nos | No | 2 | RFQ/DPM | PD | GOB | 0.50 | Planned Dates | | Aug, 21 | Aug, 21 | Sept,21 | Sept,21 | Sept,21 | Octo, 21 | Octo, 21 | Octo, 21 |
| | | | | | | | | Actual Date | | | | | | | | | |
| G6.7 | Spiral binding -1 | No | 1 | RFQ/DPM | PD | GOB | 0.25 | Planned Dates | | Aug, 21 | Aug, 21 | Sept,21 | Sept,21 | Sept,21 | Octo, 21 | Octo, 21 | Octo, 21 |
| | | | | | | | | Actual Date | | | | | | | | | |
| **Total Value of Goods Procurement:** | | | | | | | **14,025.25** | | | | | | | | | | |
| **SERVICE: (For PMO)** | | | | | | | | | | | | | | | | | |
| SD-1 | Procurement of Consulting Firm for 3rd Party Supervision | No | 1 | OTM | DG/ PD | GOB | 35.00 | Planned Dates | | Sep,21 | Oct, 21 | Nov,21 | Nov,21 | Dec,21 | Dec, 21 | 120 Days | |
| | | | | | | | | Actual Date | | | | | | | | | |

'National Open Tendering in Accordance with Public Procurement Rules, 2008 of Bangladesh

15/07/2021
(মোঃ জামাল হোসেন)
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)

(মোহাম্মদ আলমগীর খন্দকার)
উপ-প্রকল্পপরিচালক (উপ-সচিব)

(মোঃ বদিয়ার রহমান)
যুগ্ম সচিব
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয়

আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক

# ত্রৈমাসিক ভিত্তিক বার্ষিক কর্মপরিকল্পনা ছক (২০২১-২০২২ অর্থ বছর)

মন্ত্রণালয়ের নাম ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়,

প্রকল্পের নাম ঃ "চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্প

প্রকল্পের মেয়াদ ঃ জুলাই ২০১৬ - ডিসেম্বর ২০২২ পর্যন্ত

প্রকল্পের ব্যয় ঃ ৯১২,৩৮৪.৯৮ লক্ষ

বাস্তবায়নকারী সংস্থা ঃ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

(লক্ষ টাকায়)

| অর্থনৈতিক কোড | অংগের নাম | অনুমোদিত ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয় | ক্রমপুঞ্জিত অগ্রগতি শুরু থেকে জুন'২১ পর্যন্ত | | ২০২১-২২ অর্থ বছরে AOP/কর্মসূচী অনুযায়ী প্রধান কার্যক্রম | | ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত) লক্ষ্যমাত্রা | | | | ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর ২০২১ পর্যন্ত) লক্ষ্যমাত্রা | | | | ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ ২০২২ পর্যন্ত) লক্ষ্যমাত্রা | | | | ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন ২০২২ পর্যন্ত) লক্ষ্যমাত্রা | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব (সংখ্যা) | আর্থিক | বাস্তব (সংখ্যা) | আর্থিক | ভৌত লক্ষ্যমাত্রা (সংখ্যা) | আর্থিক লক্ষ্যমাত্রা (লক্ষ টাকায়) মোট | টাকা | প্রকল্প সাহায্য | ভৌত লক্ষ্যমাত্রা (সংখ্যা) | আর্থিক লক্ষ্যমাত্রা (লক্ষ টাকায়) মোট | টাকা | প্রকল্প সাহায্য | ভৌত লক্ষ্যমাত্রা (সংখ্যা) | আর্থিক লক্ষ্যমাত্রা (লক্ষ টাকায়) মোট | টাকা | প্রকল্প সাহায্য | ভৌত লক্ষ্যমাত্রা (সংখ্যা) | আর্থিক লক্ষ্যমাত্রা (লক্ষ টাকায়) মোট | টাকা | প্রকল্প সাহায্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ |
| | **ক) রাজস্ব** | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ৫৭৫.১১ | | ১৭৭.৭৯ | ৮ | ১০৪.৫০ | ৮ | ২৬.১৩ | ২৬.১৩ | | ৮ | ২৬.১৩ | ২৬.১৩ | | ৮ | ২৬.১৩ | ২৬.১৩ | | ৮ | ২৬.১৩ | ২৬.১৩ | |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ৫৮১.৩৪ | | ১০৮.২২ | থোক | ১০১.৫০ | থোক | ২৫.৩৮ | ২৫.৩৮ | | থোক | ২৫.৩৮ | ২৫.৩৮ | | থোক | ২৫.৩৮ | ২৫.৩৮ | | থোক | ২৫.৩৮ | ২৫.৩৮ | |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ২২.৫০ | | ৪.৯৮ | | ৪.০০ | | ১.০০ | ১.০০ | | | ১.০০ | ১.০০ | | | ১.০০ | ১.০০ | | | ১.০০ | ১.০০ | |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৮.০০ | থোক | ০.২০ | | ১.০০ | | ০.২৫ | ০.২৫ | | | ০.২৫ | ০.২৫ | | | ০.২৫ | ০.২৫ | | | ০.২৫ | ০.২৫ | |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ১৪৬.৫০ | | ১৪.০৪ | | ১৮.০০ | | ৪.৫০ | ৪.৫০ | | | ৪.৫০ | ৪.৫০ | | | ৪.৫০ | ৪.৫০ | | | ৪.৫০ | ৪.৫০ | |
| ৩২৪৩ | পেট্রোল, ওয়েল ও লুব্রিন্টে | ৩১২.০০ | | ২৯.৭৮ | | ৬৩.০০ | | ১৫.৭৫ | ১৫.৭৫ | | | ১৫.৭৫ | ১৫.৭৫ | | | ১৫.৭৫ | ১৫.৭৫ | | | ১৫.৭৫ | ১৫.৭৫ | |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ৪০.০০ | | ৮.১৯ | | ৭.৫০ | | ১.৮৮ | ১.৮৮ | | | ১.৮৮ | ১.৮৮ | | | ১.৮৮ | ১.৮৮ | | | ১.৮৮ | ১.৮৮ | |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ২.০০ | | ৪.৯৯ | | ৫.০০ | | ১.২৫ | ১.২৫ | | | ১.২৫ | ১.২৫ | | | ১.২৫ | ১.২৫ | | | ১.২৫ | ১.২৫ | |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ২,৯৪৪.০০ | | ১,০৯১.৮১ | ২০০০ টি | ৪৯৯.৫০ | ৫০০ টি | ১২৪.৮৮ | ১২৪.৮৮ | | ৫০০ টি | ১২৪.৮৮ | ১২৪.৮৮ | | ৫০০ টি | ১২৪.৮৮ | ১২৪.৮৮ | | ৫০০ টি | ১২৪.৮৮ | ১২৪.৮৮ | |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ১১১.০০ | | ২৩.৫০ | | ১৮.০০ | | ৪.৫০ | ৪.৫০ | | | ৪.৫০ | ৪.৫০ | | | ৪.৫০ | ৪.৫০ | | | ৪.৫০ | ৪.৫০ | |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ৭৫.০০ | থোক | - | | - | | - | - | | | - | - | | | - | - | | | - | - | |
| | **উপ-মোট: (ক) রাজস্ব ব্যয় ঃ** | ৪,৮১৭.৪৪ | | ১,৪৬৩.৫০ | | ৮২২.০০ | | ২০৫.৫০ | ২০৫.৫০ | | | ২০৫.৫০ | ২০৫.৫০ | | | ২০৫.৫০ | ২০৫.৫০ | | | ২০৫.৫০ | ২০৫.৫০ | |
| | **খ) মূলধন** | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | গাড়ী | ২৬৫.৮০ | গাড়ী-৫ | ২৫৯.৪৯ | | - | | - | - | | | - | - | | | | | | | | | |
| ৪১১২ | কম্পিউটার ও আনুষাঙ্গিক | ৩৪.৭০ | ৪টি | ৬.৩১ | থোক | ১০.৫০ | থোক | ২.৬৩ | ২.৬৩ | | থোক | ২.৬৩ | ২.৬৩ | | থোক | ২.৬৩ | ২.৬৩ | | থোক | ২.৬৩ | ২.৬৩ | |
| ৪১১২ | প্রকল্প অফিস এর জন্য আসবাবপত্র সরবরাহ | ২৫.০০ | থোক | ৬.১৬ | থোক | ১০.০০ | থোক | ২.৫০ | ২.৫০ | | থোক | ২.৫০ | ২.৫০ | | থোক | ২.৫০ | ২.৫০ | | থোক | ২.৫০ | ২.৫০ | |
| ৪১১২ | শিক্ষক ও শ্রেণীকক্ষে আসবাবপত্র সরবরাহ | ৫৭,৩১২.৫০ | | ৮৯.৭৪ | ১০০০০ টি | ১৩,৯৯৫.০০ | ২৫০০ টি | ৩,৪৯৮.৭৫ | ৩,৪৯৮.৭৫ | | ২৫০০ টি | ৩,৪৯৮.৭৫ | ৩,৪৯৮.৭৫ | | ২৫০০ টি | ৩,৪৯৮.৭৫ | ৩,৪৯৮.৭৫ | | ২৫০০ টি | ৩,৪৯৮.৭৫ | ৩,৪৯৮.৭৫ | |
| ৪১১২ | সোলার প্যানেল | ৯,৬০০.০০ | | - | ৫০০ টি | ২,৯৮৫.০০ | ১২৫ টি | ৭৪৬.২৫ | ৭৪৬.২৫ | | ১২৫ টি | ৭৪৬.২৫ | ৭৪৬.২৫ | | ১২৫ টি | ৭৪৬.২৫ | ৭৪৬.২৫ | | ১২৫ টি | ৭৪৬.২৫ | ৭৪৬.২৫ | |
| ৪১৪১ | ভূমি অধিগ্রহন | ৪,৮০০.০০ | | - | | ৩.৫০ | | ০.৮৮ | ০.৮৮ | | | ০.৮৮ | ০.৮৮ | | | ০.৮৮ | ০.৮৮ | | | ০.৮৮ | ০.৮৮ | |
| ৪১১১ | নির্মাণ ও পূর্ত: অন্যান্য ভবন ও অবকাঠামো (অনাবাসিক ভবন) | ৬৭১,৫৮০.০০ | ৫৫১৯টি | ৩৫১,২১০.১২ | ৫০০০ টি (১০০%) | ৯৭,০৬৫.০০ | ১২৫০ (২৫%) | ২৪,২৬৬.২৫ | ২৪,২৬৬.২৫ | | ১২৫০ (২৫%) | ২৪,২৬৬.২৫ | ২৪,২৬৬.২৫ | | ১২৫০ (২৫%) | ২৪,২৬৬.২৫ | ২৪,২৬৬.২৫ | | ১২৫০ (২৫%) | ২৪,২৬৬.২৫ | ২৪,২৬৬.২৫ | |
| ৪১১১ | ওয়াশ ব্লক নির্মাণ | ১০২,৩২০.০০ | ৩০৪৮ টি | ৩৭,৯৬২.৫৭ | ১৬০০ | ২১,৬০০.০০ | ৪০০ | ৫,৪০০.০০ | ৫,৪০০.০০ | | ৪০০ | ৫,৪০০.০০ | ৫,৪০০.০০ | | ৪০০ | ৫,৪০০.০০ | ৫,৪০০.০০ | | ৪০০ | ৫,৪০০.০০ | ৫,৪০০.০০ | |
| ৪১১১ | ডীপ টিওবওয়েল স্থাপন | ১৭,৬০০.০০ | ১৭৬০ টি | ২,২৯৩.৯৭ | ২৫০০ | ৫,৫০০.০০ | ৬২৫ | ১,৩৭৫.০০ | ১,৩৭৫.০০ | | ৬২৫ | ১,৩৭৫.০০ | ১,৩৭৫.০০ | | ৬২৫ | ১,৩৭৫.০০ | ১,৩৭৫.০০ | | ৬২৫ | ১,৩৭৫.০০ | ১,৩৭৫.০০ | |
| ৪১১১ | মাটি পরীক্ষা | ২,৮০০.০০ | | ১,৮০৭.৯৮ | ২০০ টি | ৫০.০০ | | ১২.৫০ | ১২.৫০ | | | ১২.৫০ | ১২.৫০ | | | ১২.৫০ | ১২.৫০ | | | ১২.৫০ | ১২.৫০ | |
| ৪১১১ | প্রকল্প বাস্তবায়ন ব্যয় ২% (এলজিইডি) | ১৩,৬৫০.৩১ | @ ২% | ৬,৬৪২.৬৭ | @ ২% | ২,৪০০.০০ | ২% | ৬০০.০০ | ৬০০.০০ | | ২% | ৬০০.০০ | ৬০০.০০ | | ২% | ৬০০.০০ | ৬০০.০০ | | ২% | ৬০০.০০ | ৬০০.০০ | |
| ৪১১১ | প্রকল্প বাস্তবায়ন ব্যয় ২% (ডিপিএইচই) | ২,৪৭০.৩৫ | @ ২% | ৭৪৮.৯৪ | @ ২% | ৫৪২.০০ | ২% | ১৩৫.৫০ | ১৩৫.৫০ | | ২% | ১৩৫.৫০ | ১৩৫.৫০ | | ২% | ১৩৫.৫০ | ১৩৫.৫০ | | ২% | ১৩৫.৫০ | ১৩৫.৫০ | |
| | **উপ-মোট: (খ) মূলধন ব্যয় ঃ** | ৮৮২,৪৪৮.৬৬ | | ৪০১,০২০.০২ | | ১৪৪,১৬১.০০ | | ৩৬,০৪০.২৫ | ৩৬,০৪০.২৫ | | | ৩৬,০৪০.২৫ | ৩৬,০৪০.২৫ | | | ৩৬,০৪০.২৫ | ৩৬,০৪০.২৫ | | | ৩৬,০৪০.২৫ | ৩৬,০৪০.২৫ | |
| | **গ) মূলধন** | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | ফিজিক্যাল কন্টিনজেন্সী১%(এলজিইডি) | ৬,৮১১.৮০ | | - | | - | | - | - | | | - | - | | | - | - | | | - | - | |
| | ফিজিক্যাল কন্টিনজেন্সী১%(জনস্বাস্থ্য) | ১,১৯৯.২০ | | - | | - | | - | - | | | - | - | | | | | | | | | |
| | প্রাইস কন্টিনজেন্সী ২% (এলজিইডি) | ১৩,৬২৩.৬০ | | - | | - | | - | - | | | - | - | | | - | - | | | - | - | |
| | প্রাইস কন্টিনজেন্সী ২% (জনস্বাস্থ্য) | ২,৩৯৮.৪০ | | - | | - | | - | - | | | - | - | | | | | | | | | |
| | প্রাইস কন্টিনজেন্সী ২% (প্রকল্প অফিস) | ১,০৮৫.৮৮ | | - | | - | | - | - | | | - | - | | | | | | | | | |
| | **উপ-মোট: (গ) মূলধন ব্যয় ঃ** | ২৫,১১৮.৮৮ | | - | | - | | - | - | | | - | - | | | - | - | | | - | - | |
| | **সর্বমোট=(ক+খ+গ)** | ৯১২,৩৮৪.৯৮ | | ৪০২,৪৮৩.৫২ | | ১৪৪,৯৮৩.০০ | | ৩৬,২৪৫.৭৫ | ৩৬,২৪৫.৭৫ | | | ৩৬,২৪৫.৭৫ | ৩৬,২৪৫.৭৫ | | | ৩৬,২৪৫.৭৫ | ৩৬,২৪৫.৭৫ | | | ৩৬,২৪৫.৭৫ | ৩৬,২৪৫.৭৫ | |

প্রকল্প পরিচালকের স্বাক্ষর ও সীল

১৪/০৭/২০২১
(মোঃ জামাল হোসেন)
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)

২৪/৭/২১
(মোহাম্মদ আলমগীর খন্দকার)
উপ-প্রকল্পপরিচালক (উপ-সচিব)

২৪/৭/২১
(মোঃ [illegible] রহমান)
যুগ্ম সচিব
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয়
উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)

E:\Lock Down\New Project NBIDGPS\Road Map\2021-22\Final ACP & P.Plan NBIDGPS-20-21ADP 2021-2022 Origin (ADP)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
পরিকল্পনা-১ শাখা
www.mopme.gov.bd

নম্বর ৩৮.০০.০০০০.০১২.৯৯.০০৮.১৮.৭৯

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৮
১১ জুলাই ২০২১

স্টিয়ারিং কমিটির সভার বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **"চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)"-শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র (PSC) সভা**

আগামী ১৮ জুলাই ২০২১ তারিখ রোজ রবিবার বিকাল ৩:০০ ঘটিকায় "চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)"-শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র (PSC) সভা অনলাইন প্লাটফর্মে (Zoom Meeting ID: 834 7827 7240, Password: 4344) অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জনাব গোলাম মোঃ হাসিবুল আলম, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

২। সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে অংশগ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**সভার আলোচ্যসূচিঃ**

ক) গত ২০২০-২০২১ অর্থবছরে অনুষ্ঠিত পিএসসি ও পিআইসি সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়ন;
খ) গত ২০২০-২০২১ অর্থবছরের আর্থিক ও বাস্তব অগ্রগতি (সংলগ্নী-৫);
গ) অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তিকরণে গৃহীত ব্যবস্থা;
ঘ) ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (হোপ কর্তৃক অনুমোদিত);
ঙ) ২০২১-২০২২ অর্থবছরের মাস ভিত্তিক কর্মপরিকল্পনা এবং
চ) বিবিধ

১১-৭-২০২১
আক্তারুন্নাহার
উপসচিব
ফোন: ০২-৯৫৭৭২৫৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ (সভায় একজন উপযুক্ত প্রতিনিধিকে অংশগ্রহণ করার অনুরোধ করো হলো)
২) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন [দৃ: আ: যুগ্ম প্রধান (শিক্ষা উইং)]
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ [দৃ: আ: মহাপরিচালক (শিক্ষা ও সামাজিক সেক্টর)]
৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন (সভায় একজন উপযুক্ত প্রতিনিধিকে অংশগ্রহণ করার

অনুরোধ করো হলো)

৫) মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

৬) অতিরিক্ত সচিব (উন্নয়ন), উন্নয়ন অনুবিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

৭) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

৮) প্রধান প্রকৌশলী , জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

৯) যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ (সভায় একজন উপযুক্ত প্রতিনিধিকে অংশগ্রহণ করার অনুরোধ করো হলো)

১০) পরিচালক, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

১১) পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।

১২) যুগ্মসচিব (পরিকল্পনা), পরিকল্পনা অধিশাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

১৩) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

১৪) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন-১ অধিশাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

১৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়কে অবহিতকরণের জন্য)

১৬) প্রোগ্রামার, আইসিটি সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়